

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 14-01-2026**  
**Time : 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Poush Sankranti :**

আজ পৌষ সংক্রান্তি বা মকর সংক্রান্তি। রাজ্য জুড়ে সর্বত্র উৎসবের মেজাজ। ঘরে ঘরে চলছে পিঠা পুলির আয়োজন। ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন স্থানে পৌষ সংক্রান্তি মেলা শুরু হয়ে গেছে। ধর্মীয় রীতি মেনে বিভিন্ন স্থানে চলছে তর্পণও।

\*\*\*\*\*

**Tirthumukh mela:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল সন্ধ্যায় গোমতি জেলার করবুকের তীর্থমুখে দু'দিনব্যাপী পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন করেন। তথ্য ও সংস্কৃতি দপ্তর, গোমতী জেলা প্রশাসন ও জনজাতি কল্যাণ দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত দু'দিনব্যাপী পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সমস্ত জনগোষ্ঠীর কৃষ্টি, সংস্কৃতিকে রক্ষা করতে সরকার সচেষ্ট। জাতি জনজাতির মিলনক্ষেত্র হচ্ছে পৌষ সংক্রান্তি মেলা।

মুখ্যমন্ত্রী বলেন, ভারতের বিভিন্ন জনগোষ্ঠীর কৃষ্টি এবং সংস্কৃতিকে রক্ষা করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের ধর্মীয় স্থানগুলির পরিকাঠামো উন্নয়নের দিকে বিশেষ নজর দিয়েছেন। এর অঙ্গ হিসেবেই মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরকেও নতুন করে সাজানো হয়েছে।

তিনি আরও বলেন, অনেক শাসকই যুগের পর যুগ ভারতকে শাসন করলেও দেশের মূল কৃষ্টি, সংস্কৃতিকে ধ্বংস করা যায়নি। এটাই ভারতের ঐতিহ্য। রাম মন্দির এই

দেশের আস্থা এবং বিশ্বাসের প্রতীক। স্বামী বিবেকানন্দ ভারতবর্ষের ধর্মীয় সংস্কৃতিকে বিশ্বের দরবারে তুলে ধরেছিলেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, তীর্থমুখের পৌষ সংক্রান্তি মেলা জাতি, জনজাতিদের মিলন ক্ষেত্র। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা ও রঞ্জিত দাস, এমডিসি কংজৎ মগ প্রমুখ।

আজ ভোর থেকেই বিভিন্ন অংশের ধর্ম প্রাণ মানুষ গোমতি নদীর উৎস স্থলে স্নান করে পূর্ব পুরুষদের উদ্দেশ্যে তর্পন করেন।

\*\*\*\*\*

### **Battali Mela:**

সোনামুড়ার বটতলিতে ২ দিন ব্যাপী ঐতিহ্যবাহী পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন করেন রাজ্যের উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী কিশোর বর্মণ। গতরাতে উদ্বোধনের পর তিনি বলেন, সংস্কৃতিকে ধ্বংস করে উন্নয়ন নয়। উন্নয়ন হবে সংস্কৃতি কেন্দ্রিক। এই বিষয়টাকেই প্রাধান্য দিয়ে কাজ করছে বর্তমান কেন্দ্রীয় ও রাজ্য সরকার। তিনি আরও বলেন, পৌষ সংক্রান্তি, চড়ক, গাজন সহ রাজ্যের লোক সংস্কৃতি ও লোকশিল্পীদের গুরুত্ব দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে অন্যদের মধ্যে ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক রামপদ জামতিয়া প্রমুখ। সংক্রান্তি উপলক্ষ্যে পার্শ্ববর্তী গোমতী ও কাচিগাঙের সঙ্গমস্থলে রাতব্যাপী চলেছে পুণ্যস্নান ও পিতৃ তর্পন। ২ দিনের এই মেলা চলবে আজ পর্যন্ত।

\*\*\*\*\*

### **Pithe Puli Festival :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ গতকাল আগরতলার লঙ্কামুড়ায় আল্লনা গ্রামে তিনদিনব্যাপী আলপনা ও পিঠে পুলি উৎসবের উদ্বোধন করেন। তথ্য ও

সংস্কৃতি দপ্তর আয়োজিত এই উৎসবে তিনি বলেন, পিঠে-পুলি উৎসব শুধু লোকজ ঐতিহ্য নয়, এটি আমাদের কৃষিভিত্তিক সমাজ ও কৃষকদের পরিশ্রমের স্বীকৃতি। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার প্রমুখ।

\*\*\*\*\*

### **Pitha-puli Rajnagar:**

দক্ষিণ জেলার রাজনগর ব্লকে গতকাল সিদ্ধিনগর গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে ঐতিহ্যবাহী পিঠে-পুলি উৎসবের উদ্বোধন করেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত। অনুষ্ঠানে বিধায়িকা স্বপ্না মজুমদার, রাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ দেবনাথ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **BRICS :**

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন, ২০২৬ সালে, ভারতে ব্রিকস শীর্ষ সম্মেলনের সভাপতিত্বের মূল চাবিকাঠি স্থিতিস্থাপকতা, উদ্ভাবন এবং সহযোগিতা। গতকাল ব্রিকস শীর্ষ সম্মেলনের লোগো, থিম এবং ওয়েবসাইটের উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন ভারত শীর্ষ সম্মেলনের সময় বৃহত্তর বৈশ্বিক কল্যাণের জন্য ব্রিকস দেশগুলির সম্ভাবনাকে একত্রিত করার চেষ্টা করবে। তিনি বলেন, ব্রিকস এই বছর ২০ বছর পূর্ণ করবে, এই সময়কালে এটি উদীয়মান বাজার এবং উন্নয়নশীল অর্থনীতির মধ্যে সহযোগিতার জন্য একটি গুরুত্বপূর্ণ মঞ্চে পরিণত হয়েছে।

\*\*\*\*\*

### **Road Safety-Belonia :**

জাতীয় সড়ক নিরাপত্তা ও শূন্য মৃত্যু মাস উপলক্ষে গতকাল বিলোনিয়ার কালীনগর মোটর স্ট্যান্ডে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, জেলা পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্র শেখর। অনুষ্ঠানে কলেজ পড়ুয়া, আপদা মিত্র ও সাংবাদিকদের ৫০টি হেলমেট প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Cloth Distribution :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল দশমীঘাট ও গান্ধিঘাটে বিজেপি আয়োজিত দুটি অনুষ্ঠানে তিন শতাধিক দুঃস্থ জনগনের মধ্যে শীতবস্ত্র ও কম্বল প্রদান করেন।

এদিকে, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার পুর নিগমের চার বছর পূর্তি উপলক্ষ্যে একই দিনে ১৪ নম্বর ওয়ার্ডে এক অনুষ্ঠানে দুঃস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করেন। উপস্থিত ছিলেন কর্পোরেটর স্নিগ্ধা দাস দেব।

\*\*\*\*\*

### **Reception for cricketers :**

বিসিসিআই আয়োজিত অনূর্ধ্ব ১৫ বছরের প্লেট গ্রুপে মেয়েদের জাতীয় ক্রিকেটে চ্যাম্পিয়ন ত্রিপুরা দলকে সংবর্ধনা দিলো রাজ্য ক্রিকেট এসোসিয়েশন। গতকাল এমবিবি স্টেডিয়ামের ক্লাব হাউসে হয় সংবর্ধনা অনুষ্ঠান। উপস্থিত ছিলেন টিসিএ সহ-সভাপতি উপানন্দ দেববর্মা, কোষাধ্যক্ষ বাসুদেব চক্রবর্তী প্রমুখ। প্লেট গ্রুপে চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে আগামী মরশুমে ত্রিপুরা দল এলিট গ্রুপে খেলবে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল।  
দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।  
আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*